


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৭.১৮.৮২৬

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৫
১৪ মে ২০১৯


২০১৯ খ্রি. সালে সরকারি ব্যবস্থাপনায় হজ পালনে আগ্রহী ব্যক্তিবর্গের জন্য জরুরি বিজ্ঞপ্তি

২০১৯ খ্রি. সালে হজ পালনে আগ্রহী সম্মানিত ব্যক্তিবর্গের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি ব্যবস্থাপনায় হজে গমনের কোটা এখনো খালি আছে। আগে আসলে আগে প্রাক-নিবন্ধনের ভিত্তিতে পি-রেজিস্ট্রেশন কার্যক্রম চলছে। যারা ইতোমধ্যে বেসরকারি এজেন্সির মাধ্যমে প্রাক-নিবন্ধন করেছেন কিন্তু বেসরকারি এজেন্সির কোটা পূর্ণ হওয়ায় হজে যেতে পারছেন না সেসকল আগ্রহী ব্যক্তিবর্গকে কোটা খালি সাপেক্ষে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে সরকারি ব্যবস্থাপনায় হজে গমনের জন্য আগামী ২০.০৫.২০১৯ খ্রি. তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, নিকটস্থ ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়, ঢাকা আশকোনা হজ অফিস এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারে যোগাযোগ করে প্রাক-নিবন্ধন ও নিবন্ধন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব
ফোন: ৯৫৮৪৩২২
e-mail: morahajsection@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সকল জেলার উপ-পরিচালকগণকে এ বিষয়ে অবহিতকরণের অনুরোধসহ)।
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল জেলা)।
৫. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.mora.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন.....(সকল জেলা)।
৯. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, হোটেল ভিক্টরী, ঢাকা (বিষয়টি সকল এজেন্সী কে জরুরি ভিত্তিতে অবহিত করণের অনুরোধসহ)।
১০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি হজের ওয়েবসাইটে প্রকাশসহ হজ এজেন্সিকে অবহিত করার অনুরোধ করা হলো)।
১১. অফিস কপি।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব।